0 9 JAN 1995

দৈনিক বাংলা

তারিখ 0 9 JAN 1995
পৃষ্ঠা ৮ কলাম ৮

# উচ্চশিক্ষাঃ সমন্বিত পদ্ধতিতে ভর্তির ব্যবস্থা হচ্ছে

মিডিয়া সিন্ডিকেট ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজগুলোতে আগামী শিক্ষাবর্ষে (৯৪–৯৫) সমন্বিত পদ্ধতিতে ভর্তি করার উদ্যোগ চলছে। প্রতি বছর এসব প্রতিষ্ঠানে ভর্তি শেষে অসংখ্য সীট খালি থাকায় এ উদ্যোগ নেয়া হয়েছে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

ভর্তি পরীক্ষায় কোন রকম সমন্বয় না থাকায় ভর্তি শেষে দেখা যায়, এক প্রতিষ্ঠানের ভর্তি হওয়া ছাত্র অপেক্ষাকৃত ভাল বিষয়ে সুযোগ পেয়ে সেখানে চলে যায়। ফলে ঐ আসন খালি থেকে যায়। দেখা গেছে, দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এ কারণে প্রায় দু'হাজার সীট খালি থাকে। অথচ দেশের বিশ্ববিদ্যালয়গুলো, বুয়েট, ইঞ্জিনিয়ারিং কলেজগুলো ও মেডিক্যাল কলেজ মিলিয়ে মাত্র ১৪ হাজারের মত আসন রয়েছে।

ভর্তির সময় দেখা যায়, ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজগুলোসহ দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়ায় কোন সমন্বয় থাকে না। একটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি সম্পন্ন হবার দীর্ঘদিন পর অন্য একটিতে ভর্তির জন্য আবেদনপত্র আহবান করা হয়। এই দীর্ঘ বিরতির কারণে একজন শিক্ষার্থী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করতে পারে। ফলে একটি প্রতিষ্ঠানে ভর্তি হয়ে অন্যত্র ভাল সুযোগ পেলে চলে যায়। এমন কি তখন অপেক্ষমাণ তালিকা থেকেও ডাকার সময় থাকে না। এ অবস্থায় ঐ আসনটি খালি থেকে যায়।

এ ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষকের সঙ্গে আলাপ করলে তিনি জানান, এমন বিভাগও রয়েছে যে ভর্তি শেষে দেখা যায় শতকরা ১০ ভাগ আসন খালি। কিন্তু এসব খালি আসনে ভর্তির আর কোন সুযোগ থাকে না। ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির একজন সদস্য বলেন, ভর্তি প্রক্রিয়ায় সমন্বয়সাধন খুব গুরুত্বপূর্ণ বিষয়। কেননা, সমন্বয়হীনতার কারণে আসন খালি থাকা দুঃখজনক। তিনি বলেন, এ ব্যাপারে একটি উদ্যোগ নেয়া হয়েছে। প্রাথমিকভাবে উল্লিখিত প্রতিষ্ঠানগুলোতে কাছাকাছি সময়ের ব্যবধানে ভর্তি পরীক্ষা নেয়া হবে, যাতে একই প্রার্থী সব জায়গায় আবেদন না করতে পারে। তিনি আরো বলেন, প্রাথমিকভাবে এ উদ্যোগ নেয়া হল। ক্রমান্বয়ে সব বিশ্ববিদ্যালয়ই এ পদ্ধতির আওতায় আনা হবে।